বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ ,মতিঝিল, ঢাকা-১০০০

ফোন ঃ ৪৭১২০৫১৩
মেইলঃdgmrmd@krishibank.org.bd

## ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
### (মানিলন্ডারিং প্রতিরোধ সেল)

বিষয়ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০১৯-২০২০ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, গাইড লাইনস, বাংলাদেশ ব্যাংক ও বিকেবির কেন্দ্রীয় পরিপালন কমিটির নির্দেশনা পরিপালন/বাস্তবায়নের লক্ষ্যে **AML/CFT** সম্পর্কিত অত্র ব্যাংক কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার নিমিত্তে বাংলাদেশ কৃষি ব্যাংকের মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০১৯-২০২০ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক সভা ০৩-০৬-২০২০ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) ও মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) জনাব পারভীন আকতার এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সদস্য/নির্বাহীগণ উপস্থিত ছিলেন ।

| ক্রঃ নং | নির্বাহী/ কর্মকর্তাগনের নাম | পদবী ও কর্মস্থল | সিসিসি তে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | জনাব পারভীন আকতার | মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ ও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)। | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আকতার হোসেন | সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ ও উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)। | সদস্য |
| ০৩ | জনাব গীতা রানী সাহা | উপ-মহাব্যবস্থাপক, ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৪ | জনাব খান তামজিদ আহমেদ | সহকারী-মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৫ | জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম | সহকারী মহাব্যবস্থাপক(বিভাগীয় দায়িত্বে), ক্রেডিট বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য |
| ০৬ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), আন্তর্জাতিক বানিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৭ | জনাব কে এম নুরুদ্দীন সারোয়ার | সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), আইসিটি, সিস্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৮ | জনাব মোহাম্মদ এনামুল হক | সহকারী মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৯ | জনাব জান্নাতআরা ফেরদৌস | উঃ মুখ্য কর্মকর্তা, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য-সচিব |

কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) এর সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যকলাপ ও জঙ্গী তৎপরতা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও আলোচিত বিষয় হিসাবে উল্লেখ করেন। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকগুলোর উপর **AML/CFT** বিষয়ক বিভিন্ন ধরণের নির্দেশনাসমূহ যথাসময়ে যথাযথভাবে সম্পন্ন করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

সভার শুরুতে গত ২৯-০১-২০২০ তারিখে অনুষ্ঠিত ২০১৯-২০২০ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন / অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয় এবং পরবর্তীতে সভায় আলোচ্যসূচী ভিত্তিক উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

০২। **Independent Testing Procedures/ Self Assessment** কার্যাবলী মূল্যায়ন সংক্রান্ত ঃ

বাংলাদেশ ব্যাংকের বিএফআইইউ কর্তৃক জারীকৃত বিএফআইইউ সার্কুলার নং-১৯ তারিখ ১৭-০৯-২০১৭ এর নির্দেশনা অনুযায়ী স্বনির্ধারণী পদ্ধতিতে শাখার অবস্থান নির্ণয় সম্পর্কিত তথ্যের ভিত্তিতে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ শাখার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সম্পর্কিত মূল্যায়ন প্রতিবেদন/ **Independent Testing Procedures** মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল এর পরিশিষ্ট-গ অনুযায়ী **CCC** তে প্রেরণ করে থাকে। এ বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় কর্তৃক মূল্যায়নকৃত ৩১/১২/২০১৯ ষান্মাসিক ভিত্তিক **Independent Testing Procedures** সংক্রান্ত প্রতিবেদন ১০৩৮ টি শাখার মধ্যে ৫৭৪ টি শাখা থেকে সংগ্রহ করে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়েছে মর্মে কমিটিকে অবহিত করা হয়েছে । বর্তমানে ৩০/০৬/২০২০ ভিত্তিক **Independent Testing Procedures** সংক্রান্ত প্রতিবেদন সকল শাখা/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় থেকে প্রেরণ নিশ্চিত করার জন্য চেষ্টা অব্যাহত রাখতে হবে। (কার্যকরণঃ সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, প্রকা, ঢাকা)।

(খ) ৩১/১২/২০১৯ ষান্মাসিক ভিত্তিতে **Self Assessment** সংক্রান্ত প্রতিবেদন ১০৩৮ টি শাখার মধ্যে ৯৯৫ টি শাখা থেকে সংগ্রহ করে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়েছে মর্মে কমিটিকে অবহিত করা হয়েছে । বর্তমানে ৩০/০৬/২০২০ ভিত্তিক উক্ত প্রতিবেদন সকল শাখা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় থেকে প্রেরণ নিশ্চিত করার জন্য চেষ্টা অব্যাহত রাখতে হবে। (কার্যকরণঃ সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক কার্যলয় ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, প্রকা, ঢাকা)।

০৩। **AML System Check** সংক্রান্ত ঃ

পরিচালনা পর্ষদের ২৭-০২-২০১৭ তারিখে অনুষ্ঠিত ৬৮০তম পর্ষদ সভায় **BAMLCO** সহ অন্যান্যদের প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্তের প্রেক্ষিতে **CAMLCO** মহোদয়ের তত্ত্বাবধানে বিভাগীয় পর্যায়ে সিলেট,খুলনা,চট্টগ্রাম ও ময়মনসিংহ এর বিভাগীয় মহাব্যবস্থাপকদের আয়োজনে ০২-০৩-২০১৯ তারিখ পর্যন্ত ৮৮৭ জন ব্যবস্থাপক/দ্বিতীয় কর্মকর্তা (**BAMLCO**) দের মানিলন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষন প্রদান করা হয়েছে। বর্তমানে স্টাফ কলেজের তত্ত্বাবধানে সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাসহ মানিলন্ডারিং এর সাথে জড়িত সকলকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করার জন্য বিকেবি স্টাফ কলেজকে তাগিদপত্র প্রেরন করা হয়।

এর প্রেক্ষিতে মুআকা মানিকগঞ্জ, মুআকা মুন্সিগঞ্জ ও মুআকা নারায়নগঞ্জ এর সকল ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাসহ মানিলন্ডারিং এর সাথে জড়িত সকলকে প্রশিক্ষণ প্রদান করা হয় (কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, প্রকা, ঢাকা ও বিকেবি ষ্টাফ কলেজ এবং সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকগণ)।

পরবর্তী পাতা/০২

০৪। **CTR/STR** প্রেরণ সংক্রান্ত ঃ

(ক) **goAML** ওয়েবসাইটে নতুন পদ্ধতিতে **Online** এ নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে **CTR/STR** বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হচ্ছে। পরিপূর্ণ তথ্য সম্বলিত **CTR** নতুন ফরমে দাখিল করার জন্য ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের ০৩-০২-২০২০ তারিখের ১৯৫৬ নং পত্রের মাধ্যমে প্রতি মাসের ৭ তারিখের মধ্যে **CTR** প্রেরণের জন্য এবং সঠিক নিয়মে ও সচেতনতার সাথে লেনদেন পর্যবেক্ষন করে সন্দেহজনক লেনদেনের ক্ষেত্রে অবশ্যই **STR** প্রেরণ করতে হবে মর্মে মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হয়েছে। প্রধান কার্যালয়ের আইসিটি মহাবিভাগের প্রশিক্ষন কক্ষে প্রশিক্ষন কর্মশালার প্রেক্ষিতে ঢাকা অঞ্চলের ১৪ টি শাখার মধ্যে ৪টি শাখা **CTR** পোষ্টিং দিতে পারে। বাকী শাখাগুলো যাতে অতিসত্বর **CTR** পোষ্টিং দিতে পারে এ ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। **CTR/ STR** সংক্রান্ত সকল কর্মকান্ডে আইসিটি সিস্টেম ও অপারেশন বিভাগ কর্তৃক মানিলন্ডারিং সেল কে সার্বিক সহযোগিতা প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।(কার্যকরণঃ আইসিটি মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা)।

০৫। KYC সংক্রান্ত ঃ

(ক) বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়,ঢাকা এর ১৭-০১-২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী অত্র ব্যাংকের গ্রাহকের মৌলিক তথ্যাদি কেন্দ্রিয়ভাবে সংরক্ষণের নিমিত্তে ইতোমধ্যে আইসিটি অপারেশন বিভাগ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ৩১/০৩/২০২০ পর্যন্ত ১০৩৮টি শাখার মধ্যে ৪৫৪ টি অনলাইন শাখার ৮২,৬৩,৮৫৪ জন গ্রাহকের ডাটা কেন্দ্রিয়ভাবে সংগৃহিত আছে। এছাড়া অনলাইন শাখা ব্যতীত ১১ টি অঞ্চল থেকে ৫৪ টি শাখার ৪৪,২০৬ জন গ্রাহকের মৌলিক তথ্য ব্যাংকে কেন্দ্রীয়ভাবে সংরক্ষিত আছে। অত্র বিভাগের ০৯/০৪/২০১৯ তারিখের পত্র নং ২১৪০ এর মাধ্যমে সকল অফলাইন শাখাসমূহকে গ্রাহকদের মৌলিক তথ্য প্রেরনের জন্য তাগিদপত্র দেয়া হয়েছে। গ্রাহকের মৌলিক তথ্যাদি কেন্দ্রিয়ভাবে সংরক্ষণের নিমিত্তে অনলাইন শাখায় যে সব গ্রাহকের KYC পূরণ হয়নি অতিশীঘ্র তাদের KYC হালনাগাদ করার জন্য এবং অনলাইন শাখাসহ ম্যানুয়েল ও অফলাইনে থাকা সকল শাখাসমূহ কর্তৃক KYC সম্পূর্নভাবে পূরণ করে নতুন হিসাব খুলতে হবে যাতে গ্রাহকের মৌলিক তথ্যাদি (গ্রাহকের নাম, পিতা-মাতার নাম, ঠিকানা, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, নমিনির নাম, মোবাইল নম্বর ইত্যাদি) সংরক্ষিত থাকে। এ বিষয়ে শাখা/ অঞ্চলসমূহকে টেলিফোনে যোগাযোগসহ পুনরায় পত্র দিতে হবে মর্মে কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।(কার্যকরণঃ সংশ্লিষ্ট সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, প্রকা, ঢাকা)।

০৬। বিবিধ ঃ

(ক) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন গঠন ও উক্ত ডিভিশনে পর্যাপ্ত লোকবল পদায়নের বিষয়ে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ কে পুনরায় পত্র দেয়ার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয় (কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা)।

০৭। **CCC** কমিটির সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশ গ্রহণে সভাটি অত্যন্ত প্রাণবন্ত ও ফলপ্রসূ হয়েছে উল্লেখ করে **CCC** এর সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে এবং আর কোনো আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

08/06/2020

(পারভীন আকতার)
মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (**CAMLCO**)

প্রকা/আরএমডি-৩০/সিসিসি/২০১৯-২০২০/২৭১৫ তারিখ ঃ ০৪-০৬-২০২০

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (অধ্যক্ষ), স্টাফ কলেজ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

(মোঃ আকতার হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা(**DCAMLCO**)